

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



নং-০৭.০৩.০০০০.০০১.৩২.০৬.২০২০- ৪৩৭৬

তারিখঃ ২৮/১১/২০২০খ্রি।

নোটিশ

এতদ্বারা সিজিএ কার্যালয়ের আওতাধীন ডিসিএ, সিএএফও, ডিএএফও এবং ইউএও কার্যালয়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন শীত মৌসুমে “করোনাভাইরাস (কোভিড-১৯)” সংক্রমন বৃদ্ধির আশংকা করা যাচ্ছে। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০-৫১৪ তারিখঃ ২৫/১০/২০২০ খ্রি. এবং স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০-৫৩০ তারিখঃ ০৩/১১/২০২০ খ্রি. এর আলোকে সংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনে সিজিএ কার্যালয় ও এর অধীনস্থ কার্যালয় সমূহে সকলের মাস্ক পরিধান নিশ্চিত করার লক্ষে সকল দপ্তরে “মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry”, “মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service” ইত্যাদি বার্তা উপযুক্ত মাধ্যমে (পোস্টার/স্টিকার/ব্যানার/বিল বোর্ড ইত্যাদি) দৃশ্যমান করাসহ সকল সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট সকল কার্যালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণ, সিজিএ কার্যালয়ের পরিপত্র নং-০৭.০৩.০০০০.০০১.৩২.০৬.২০২০-৩৮৪৯ তাংঃ- ০১/০৬/২০২০ এর নির্দেশনা সমূহ এবং এ সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোন প্রজ্ঞাপন জারী হলে সে সকল নির্দেশনাও অনুসরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৮৩৯২৬১৪।

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.০৬.২০২০- ৪৩৭৬

তারিখঃ ২৮/১১/২০২০খ্রি।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা/হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)]
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ অধিশাখা]
- ৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা। [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
- ৭। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
- ৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ১০। পি এস টু সিজিএ।
- ১১। অফিস কপি।



(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৮৩৯২৬১৪।